

Virtual Meeting between EAM and Finance Minister of Sri Lanka H.E. Basil Rajapaksa

January 15, 2022

বিদেশমন্ত্রী এবং শ্রীলংকার অর্থমন্ত্রী হিজ এম্বেলেম্বি বাসিল রাজাপক্ষর মধ্যে ভার্চুয়াল বৈঠক

জানুয়ারি 15, 2022

জানুয়ারি 15, 2022 তারিখে বিদেশমন্ত্রী ডঃ এস জয়শংকর এবং শ্রীলংকার অর্থমন্ত্রী হিজ এম্বেলেম্বি বাসিল রাজাপক্ষর মধ্যে ভার্চুয়াল বৈঠক অনুষ্ঠিত হয়েছে। গতমাসে শ্রীযুক্ত রাজাপক্ষর ভারত সফরের সূত্র ধরে এই আলাপ আলচনা অনুষ্ঠিত হয়েছে।

2. ভারত এবং শ্রীলংকা উভয় দেশে পোঙ্গল উৎসব উদযাপন উপলক্ষে বিদেশমন্ত্রী তার তরফে, ভারত সরকারের তরফ থেকে এবং ভারতের জনগণের তরফ থেকে শ্রীলংকার অর্থমন্ত্রীকে, শ্রীলংকার সরকার ও জনগণকে 2022 -এর শুভ কামনা জানিয়েছেন।

3. ডঃ জয়শংকর জানিয়েছেন যে, কোভিড-19 দ্বারা উত্থাপিত অর্থনৈতিক ও অন্যান্য চ্যালেঞ্জকে কাটিয়ে ওঠার জন্য ভারত সবসরকম উপায়ে সবসময় শ্রীলংকার পাশে দাড়িয়েছে এবং আগামী দিনেও তার সমর্থন বজায় রাখবে। ঘনিষ্ঠ বন্ধু এবং সামুদ্রিক প্রতিবেশী হিসেবে ভারত ও শ্রীলঙ্কা উভয়ই ঘনিষ্ঠ অর্থনৈতিক আন্তঃসম্পর্ক থেকে লাভবান হতে পারে।

4. উভয় মন্ত্রী ইতিবাচকভাবে উল্লেখ করেছেন যে সার্ক মুদ্রা বিনিময় ব্যবস্থার অধীনে শ্রীলঙ্কায় মিলিয়ন মার্কিন ডলারের সম্প্রসারণ এবং এ সি ইউ-এর স্বগিতকরণ, দুই মাসের মধ্যে মিলিয়ন মার্কিন ডলারের নিষ্পত্তি, এগুলি শ্রীলঙ্কাকে সহায়তা করবে।

5. দুই মন্ত্রী খাদ্য, প্রয়োজনীয় জিনিসপত্র এবং ওষুধ আমদানির জন্য 1 বিলিয়নমার্কিন ডলার এবং ভারত থেকে জ্বালানি আমদানির জন্য 500 মিলিয়ন মার্কিন ডলারের ভারতীয় ঋণ সুবিধা সম্প্রসারণের অগ্রগতি নিয়ে পর্যালোচনা করেছেন।

6. শ্রী রাজাপক্ষ শ্রীলঙ্কার সাথে ভারতের দীর্ঘস্থায়ী সহযোগিতার কথা স্মরণ করেন এবং সমর্থনের ইচ্ছাসূচক ভঙ্গির গভীরভাবে প্রশংসা করেন। তিনি শ্রীলঙ্কাতে বন্দর, পরিকাঠামো, শক্তি, পুনর্নবীকরণ শক্তি এবং উৎপাদন সহ বিভিন্ন গুরুত্বপূর্ণ ক্ষেত্রে ভারতীয় বিনিয়োগকে স্বাগত জানিয়েছেন ও এই ধরনের বিনিয়োগগুলিকে উৎসাহ প্রদানের জন্য সহায়ক পরিবেশ দেওয়াকে সুনিশ্চিত করেছেন। ই প্রসঙ্গে, উভয় মন্ত্রী উল্লেখ করেছেন যে ত্রিনকোমালি তেল ট্যাঙ্ক ফার্মগুলিকে যৌথভাবে আধুনিকীকরণের জন্য শ্রীলঙ্কা সরকারের সাম্প্রতিক পদক্ষেপগুলি শ্রীলঙ্কার শক্তি নিরাপত্তা বাড়ানোর পাশাপাশি বিনিয়োগকারীদের আস্থা বাড়াবে।

7. বিদেশমন্ত্রী শ্রীলঙ্কায় আটক থাকা ভারতীয় মৎস্যজীবীদের বিষয়টিকে উত্থাপন করেছেন। মানবিক দিক বিচার করে আটক থাকা মৎস্যজীবীদের দ্রুত মুক্তি দেবার জন্য তিনি শ্রীলংকার সরকারকে আর্জি জানিয়েছেন।

8. দুই মন্ত্রী যৌথ অগ্রগতি ও সমৃদ্ধির জন্য দীর্ঘমেয়াদী অর্থনৈতিক অংশীদারিত্বের দিকে পারস্পরিক উপযোগী দ্বিপাক্ষিক অর্থনৈতিক সহযোগিতার দিকনির্দেশনার জন্য ঘনিষ্ঠ যোগাযোগে বজায় রাখতে সম্মত হয়েছেন।

নিউ দিল্লি

জানুয়ারি 15, 2022

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.